

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৩৪০৩

৫১/ দু'আ রাসুলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত (كتاب الدعوات عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ এ বিষয়ে আরেকটি পরিচ্ছেদ

باب مِنْهُ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ غِيلَانَ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ، قَالَ أَخْبَرَنَا شُعْبَةُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ رَجُلٍ، عَنْ فَرْوَةَ بْنِ نَوْفَلٍ، رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ عَلَّمَنِي شَيْئًا أَقُولُهُ إِذَا أَوَيْتُ إِلَى فِرَاشِي قَالَ " اقْرَأْ : (قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ) فَإِنَّهَا بَرَاءَةٌ مِنَ الشِّرْكِ " . قَالَ شُعْبَةُ أَحْيَانًا يَقُولُ مَرَّةً وَأَحْيَانًا لَا يَقُولُهَا .

حَدَّثَنَا مُوسَى بْنُ حِزَامٍ، أَخْبَرَنَا يَحْيَى بْنُ آدَمَ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ فَرْوَةَ بْنِ نَوْفَلٍ، عَنْ أَبِيهِ، أَنَّهُ أَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرَ نَحْوَهُ بِمَعْنَاهُ وَهَذَا أَصَحُّ .

قَالَ أَبُو عِيسَى وَرَوَى زُهَيْرٌ هَذَا الْحَدِيثَ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ فَرْوَةَ بْنِ نَوْفَلٍ عَنْ أَبِيهِ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَحْوَهُ وَهَذَا أَشْبَهُ وَأَصَحُّ مِنْ حَدِيثِ شُعْبَةَ . وَقَدْ اضْطَرَبَ أَصْحَابُ أَبِي إِسْحَاقَ فِي هَذَا الْحَدِيثِ .

وَقَدْ رُوِيَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ هَذَا الْوَجْهِ قَدْ رَوَاهُ عَبْدُ الرَّحْمَنِ بْنُ نَوْفَلٍ عَنْ أَبِيهِ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَبْدُ الرَّحْمَنِ هُوَ أَخُو فَرْوَةَ بْنِ نَوْفَلٍ .

বাংলা

৩৪০৩. মুহাম্মদ ইবন গায়লান (রহঃ) ফারওয়া ইবন নাওফাল (রহঃ) থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললেনঃ ইয়া রাসুলুল্লাহ! আমাকে এমন কিছু শিখিয়ে দিন যা আমি আমার শয়্যাগ্রহণের সময় বলতে পারি। তিনি বললেনঃ ক্বুল ইয়া আযুহাল কাফিরুন সূরাটি পাঠ করবে। কেননা এটি হল শিরকের সাথে সম্পর্কচ্ছেদের ঘোষণা।

সহীহ, তালীকুর রাগীব ১/২০৯, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৪০৩ [আল মাদানী প্রকাশনী]

শু'বা (রহঃ) বলেনঃ রাবী আবু ইসহাক (রহঃ) কখনও কখনও 'একবার' শব্দটির উল্লেখ করেছেন, আর কখনও

তা উল্লেখ করেননি। মুসা ইবন হিয়াম (রহঃ) ... ফারওয়া ইবন নাওফাল তার পিতা নাওফাল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসেছিলেন। এরপর রাবী পূর্বের হাদীসটির অনুরূপ বর্ণনা করেন। এ রিওয়ায়াতটি অধিক সহীহ।

যুহায়র (রহঃ) এ হাদীসটি আবু ইসহাক ফারওয়া ইবন নাওফাল ... তার পিতা নাওফাল রাদিয়াল্লাহু আনহু সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে অনুরূপ বর্ণনা করেছেন। এটি শু'বা (রহঃ) এর তুলনায় অধিক সামঞ্জস্যশীল ও অধিকতর সহীহ।

আবু ইসহাক (রহঃ) এর শাগরিদগণ এ হাদীসটির সনদে ইয়তিরাব করেছেন। অন্য সূত্রেও হাদীসটি বর্ণিত আছে। আবদুর রহমান ইবন নাওফাল (রহঃ)-ও এটি তার পিতা নাওফাল রাদিয়াল্লাহু আনহু এর বারাতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে রিওয়ায়াত করেছেন। এই আবদুর রহমান হলেন ফারওয়াহ ইবন নাওফাল এর ভাই।

English

Farwah bin Nawfal (ra) narrated that:

He came to the Prophet (ﷺ) and said: "O Messenger of Allah, teach me something that I may say when I go to my bed." So he said: "Recite: Say: 'O you disbelievers' for verily it is a disavowal of Shirk." Shu`bah said: "Sometimes he would say: 'One time' and sometime he would not say it." (Another chain) from Farwah bin Nawfal, from his father: "That he came to the Prophet (ﷺ)" then he mentioned similar in meaning. And this is more correct. [Abu `Eisa said:] And Zubair reported this hadith from Ishaq, from Farwah bin Nawfal, from his father from the Prophet (ﷺ), with similar wording. This is more appropriate and more correct than the narration of Shu`bah. The companions of Abu Ishaq were confused in the narration of this hadith. This hadith has been reported through routes other than this. `Abdur-Rahman is the brother of Farwah bin Nawfal.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ফারওয়া ইবন নাওফাল (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38794>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন